গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
জয়পুরহাট
(আইসিটি শাখা )
www.joypurhat.gov.bd

**ডিজিটাল বাংলাদেশ দিবস-২০২০ উদযাপন উপলক্ষে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণীঃ**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ মনিরুজ্জামান<br>অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), জয়পুরহাট |
| সভার তারিখ | : | ০৬/১২/২০২০ খ্রি. |
| সভার সময় | : | বেলা ১১.০০ টা |
| সভার স্থান | : | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ |

সভায় উপস্থিত এবং অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট-'ক' দ্রষ্টব্য।

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর গত সভার কার্যবিরণী পাঠ করা হয়। ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২০ উদযাপন উপলক্ষে প্রেরিত পত্র এবং নির্দেশিকা সভায় পাঠ করে শুনানো হয়। আগামী ১২ ডিসেম্বর ২০২০ তারিখে ৪র্থ জাতীয় ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২০ গুরুত্বসহকারে উদযাপদনের নিমিত্ত সকলের আন্তরিক ও স্বতঃস্ফুর্ত সহযোগিতা কামনা করেন। আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্তের আলোকে জেলা পর্যায়ে ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২০ উদযাপনের বিষয়ে আলোচনা করা হয়। অতঃপর আলোচনা অন্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২০ উদযাপন সংক্রান্ত | করোনা সংক্রমণ পরিস্থিতির কারণে এবারের ডিজিটাল বাংলাদেশ দিবস ওয়েবিনারের মাধ্যমে পালনের সিদ্ধান্ত গৃহীত হয়। এবারের প্রতিপাদ্য<br>যদিও মানছি দূরত্ব<br>তবুও আছি সংযুক্ত<br>প্রতিপাদ্য অনুসারে মাননীয় সংসদ সদস্য, জনপ্রতিনিধি, সরকারি কর্মকর্তা ও কর্মচারী, ষ্টেকহোল্ডার (আইটি খাত) ফ্রি-ল্যান্সারস, ই-কমার্স উদ্যোক্তা, আইএসপি, আইসিটি উদ্যোক্তা, সাংবাদিকবৃন্দ, শিক্ষা প্রতিষ্ঠান, এনজিও, ইউডিসি উদ্যোক্তা এবং সংশ্লিষ্ট সকলের স্বতস্ফুর্তভাবে সংযুক্ত হওয়ার মাধ্যমে দিবসটি উদযাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>জুম ক্লাউড মিটিং এর লিংক ই-মেইলে পাঠানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. দপ্তর প্রধান<br>জেলা পর্যায়ের সকল দপ্তর<br>২. সহকারী কমিশনার, আইসিটি, শাখা<br>৩. সহকারী প্রোগ্রামার, জয়পুরহাট |
| ০২ | অনলাইন কুইজ প্রতিযোগিতা | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনাদর্শ, ডিজিটাল বাংলাদেশ দিবস, রূপকল্প, ডিজিটাল বাংলাদেশের চার স্তম্ভ, নির্বাচনী ইশতেহার, ই-সেবা ইত্যাদি বিষয়ে যে কেউ আগামী ০৭ ডিসেম্বর ২০২০ তারিখ রাত ১২.০০ টার মধ্যে নিবন্ধন করে ০৮ ডিসেম্বর ২০২০ তারিখ রাত ৯টা থেকে ১০টা পর্যন্ত কুইজ প্রতিযোগিতায় নিম্নবর্ণিত লিংকের মাধ্যমে অংশগ্রহণ করতে পারবেন।<br>https://quiz.digitalbangladesh.gov.bd/ | ১. সহকারী কমিশনার (আইসিটি)<br>২. সহকারী পোগ্রামার , জয়পুরহাট |
| ০৩. | ব্র্যান্ডিং ও প্রচার | দিবসটি উদযাপন উপলক্ষে অনুমোদিত ডিজাইনসমূহ অনুসরণপূর্বক জেলা ও উপজেলা পর্যায়ে ব্র্যান্ডিং ও প্রচার, ব্যানার প্রদর্শন এবং ফেসবুক পেজ এর মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক এবং শিক্ষা ও আইসিটি)<br>২. উপজেলা নির্বাহী অফিসার, জয়পুরহাট সদর<br>৩. জেলা তথ্য অফিসার, জয়পুরহাট<br>৪. সহকারী কমিশনার (আইসিটি)<br>৫. সহকারী পোগ্রামার, জয়পুরহাট<br>৬. উদ্যোক্তা, সকল (জয়পুরহাট) |
| ০৪. | মাস্ক বিতরণ সংক্রান্ত | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর থেকে প্রতিটি জেলায় ২০০ টি মাস্ক বরাদ্দ প্রদান করা হয়। সরবরাহকৃত মাস্কগুলোর যথাযথ ব্যবহার নিশ্চিত করাসহ সহকারী প্রোগ্রামার প্রতিটি উপজেলায় ১০ টি করে মাস্ক বিতরণ নিশ্চিত করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. সহকারী কমিশনার (আইসিটি)<br>২. সহকারী পোগ্রামার, জয়পুরহাট |

<table>
<tr><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td>০৫</td><td>দিবস উপলক্ষে দাখিলকৃত রচনা ও পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন যাচাই-বাছাই ও ফলাফল প্রস্তুত</td><td>দিবসটি উদযাপন উপলক্ষে সভায় জেলা পর্যায়ে ২টি ক্যাটাগরীতে নিম্নরূপ প্রতিযোগিতা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়:
<table>
<tr><td>ক্র:ম:</td><td>শ্রেণী</td><td>প্রতিযোগিতার ধরণ</td><td>প্রতিযোগিতার বিষয়</td></tr>
<tr><td>০১.</td><td>৬ষ্ঠ শ্রেণী হতে ১০ম শ্রেণী পর্যন্ত</td><td>রচনা প্রতিযোগিতা</td><td>ডিজিটাল বাংলাদেশ</td></tr>
<tr><td>০২.</td><td>একাদশ হতে তদুর্ধ্ব শ্রেণী পর্যন্ত</td><td>পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন প্রতিযোগিতা</td><td>ডিজিটাল বাংলাদেশের এগিয়ে যাওয়ার ১২ বছর (৮-১০ স্লাইড)</td></tr>
</table>
রচনা প্রতিযোগিতা: ( ৬ষ্ঠ হতে ১০ম শ্রেণী পর্যন্ত) বিষয়ে জেলা শিক্ষা অফিসার সকল বিদ্যালয় প্রধানকে জানানোসহ শিক্ষার্থীদের অংশগ্রহণ নিশ্চিত করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। শিক্ষার্থীগণ তাদের স্বহস্তে লিখিত (সর্বোচ্চ ১০০০ শব্দের মধ্যে) রচনা আগামী ১০/১২/২০২০ তারিখ বিকাল ৫.০০ টার মধ্যে নিজে অথবা সংশ্লিষ্ট বিদ্যালয়ের মাধ্যমে এ কার্যালয়ের আইসিটি শাখায় প্রেরণ নিশ্চিত করবেন।<br>
পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন: একাদশ হতে তদুর্ধ্ব শ্রেণী পর্যন্ত ডিজিটাল বাংলাদেশের এগিয়ে যাওয়ার ১২ বছর বিষয়ক পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন প্রতিযোগিতায় যে সকল শিক্ষার্থী অংশগ্রহণ করবেন তারা তাদের প্রস্তুতকৃত প্রেজেন্টেশন ৮-১০ টি স্লাইডে প্রস্তুত করে আগামী ১০/১২/২০২০ তারিখের মধ্যে জেলা প্রশাসকের কার্যালয়ের আইসিটি শাখায় অথবা acictjoypurhat@gmail.com ঠিকানায় পৌছাবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>১. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক এবং শিক্ষা ও আইসিটি)<br>২. সহকারী কমিশনার (আইসিটি)<br>৩. সহকারী পোগ্রামার, জয়পুরহাট</td></tr>
<tr><td>০৬.</td><td>দাখিলকৃত রচনা ও পাওয়ার পয়েন্ট পয়েন্ট প্রেজেন্টেশন যাচাই বাছাই কমিটি গঠন</td><td>ডিজিটাল বাংলাদেশ দিবস উদযাপন উপলক্ষে নির্দেশনার আলোকে নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে ০১টি কমিটি গঠন করা হয়:
<table>
<tr><td>ক্র: নং</td><td>কর্মকর্তার নাম ও পদবী</td><td>ঠিকানা</td><td>কমিটিতে অবস্থান</td></tr>
<tr><td>০১.</td><td>অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) জয়পুরহাট</td><td>জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট</td><td>আহবায়ক</td></tr>
<tr><td>০২.</td><td>মো: আব্দুল মান্নান, সহকারী অধ্যাপক</td><td>জয়পুরহাট সরকারি কলেজ</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৩.</td><td>সঞ্জয় চন্দ্র মন্ডল, সহকারী অধ্যাপক</td><td>জয়পুরহাট সরকারি মহিলা কলেজ</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৪.</td><td>আশরাফুল কবীর, এডিপি</td><td>জেলা শিক্ষা অফিস, জয়পুরহাট</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৫.</td><td>মো: জাকিউর রহমান, সহকারী শিক্ষক</td><td>রামদেও বাজলা সরকারি উচ্চ বিদ্যালয়, জয়পুরহাট</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৬.</td><td>শাহনাজ পারভীন, সহকারী শিক্ষক</td><td>সরকারি উচ্চ বালিকা বিদ্যালয়, জয়পুরহাট</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৭.</td><td>সহকারী প্রোগ্রামার</td><td>জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট</td><td>সদস্য-সচিব</td></tr>
</table>
উক্ত কমিটি ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২০ উদযাপনে সার্বিক সহযোগিতা করাসহ প্রতিযোগীদের দাখিলকৃত রচনা ও পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন যাচাই বাছাই করে ফলাফল ১১ ডিসেম্বর, ২০২০ তারিখের মধ্যে আহবায়কের নিকট পৌঁছাবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>১. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক এবং শিক্ষা ও আইসিটি)<br>২. সহকারী কমিশনার (আইসিটি)<br>৩. সহকারী পোগ্রামার, জয়পুরহাট</td></tr>
</table>

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

( মো: মনিরুজ্জামান )
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
ও
সভাপতি
ডিজিটাল বাংলাদেশ দিবস উদযাপন কমিটি
জয়পুরহাট
ফোন: (+৮৮) ০৫৭১-৬২২১০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
জয়পুরহাট
আইসিটি শাখা
**www.joypurhat.gov.bd**

নম্বর-০৫.৪৩.৩৮০০.০১৫.২৩.০০১.১৯- ৯৬৯ | তারিখ: ২২ অগ্রহায়ন ১৪২৭ / ০৬ ডিসেম্বর ২০২০

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১. সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বিসিসি ভবন (৫ম তলা), আগারগাঁও, ঢাকা।
০২. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
০৩. মহাপরিচালক (প্রশাসন), একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম, বিসিসি ভবন (৫ম তলা), আগারগাঁও, ঢাকা।
০৪. নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, বিসিসি ভবন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা ১২০৭।
০৫. জেলা প্রশাসক (সকল)।
০৬. পুলিশ সুপার, জয়পুরহাট।
০৭. উপপরিচালক, স্থানীয় সরকার, জয়পুরহাট।
০৮. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, জয়পুরহাট
০৯. অধ্যক্ষ, জয়পুরহাট সরকারি কলেজ/সরকারি মহিলা কলেজ, জয়পুরহাট।
১০. উপজেলা নির্বাহী অফিসার, জয়পুরহাট সদর/পাঁচবিবি/কালাই/ক্ষেতলাল/আক্কেলপুর, জয়পুরহাট।
১১. জেলা শিক্ষা অফিসার, জয়পুরহাট।
১২. জেলা ..........................................অফিসার, জয়পুরহাট।
১৩. নেজারত ডেপুটি কালেক্টর, জয়পুরহাট।
১৪. সহকারী প্রোগ্রামার, জয়পুরহাট সদর, জয়পুরহাট।
১৫. সহকারী প্রকৌশলী, বিটিসিএল, জয়পুরহাট।
১৬. প্রধান শিক্ষক, ......................................................................, জয়পুরহাট।
১৭. চেয়ারম্যান/উদ্যোক্তা..........................................ইউনিয়ন পরিষদ..............................উপজেলা, জয়পুরহাট।
১৮. অফিস কপি।

০৬.১২.২০২০

( সোমাইয়া আক্তার )
সহকারী কমিশনার
আইসিটি শাখা
জয়পুরহাট।
ফোনঃ(+৮৮)-০৫৭১-৬২২১০
acictgjoypurhat@gmail.com